দৈনিক জনকণ্ঠ

247

তারিখ ... AUG. 7. 1999
পৃষ্ঠা ১২ কলাম 8

ঢাকা বিশ্ববিদ্যালয়

# নতুন শতাব্দীকে স্বাগত জানাতে সাতদিনব্যাপী অনুষ্ঠানমালা

মামুন-অর-রশীদ ॥ নতুন সহস্রাব্দীকে স্বাগত জানিয়ে আগামী ডিসেম্বর মাসে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পালন করতে যাচ্ছে 'মিলিনিয়াম উইক।' সাত দিনব্যাপী অনুষ্ঠানমালা পালন উপলক্ষে কর্তৃপক্ষ ব্যাপক আয়োজন নিয়ে ব্যস্ত হয়ে উঠেছে। কর্তৃপক্ষ সূত্র এ খবর জানা গেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত 'মিলিনিয়াম উইক'-এ ক্যাম্পাস পরিণত হবে নবীন-প্রবীণের মিলনমেলায়, জ্ঞান-

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## নতুন শতাব্দীতে (১২-এর পাতার পর)

বিজ্ঞানীদের স্মৃতিচারণে ক্যাম্পাস হয়ে উঠবে হাস্যোজ্জ্বল আঙ্গিনা– এমন আশাই করছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এই প্রসঙ্গে উপাচার্য অধ্যাপক আজাদ চৌধুরী জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র, শিক্ষক, অভিভাবক, রাজনৈতিক নেতৃবৃন্দ, বুদ্ধিজীবী, সংস্কৃতিকর্মী সবাইকে আমন্ত্রণ জানানো হবে এই অনুষ্ঠানে। আগামী শতাব্দীতে আমাদের কর্ম ও চিন্তার ক্ষেত্রে পরস্পরের মধ্যে বিনিময়ের জন্যই এই আয়োজন করা হবে। বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের মাধ্যমে প্রাক্তন ছাত্র ও বর্তমান অভিভাবকদের আগমন নিশ্চিত করা হবে। অনুষ্ঠান কয়েকটি পর্বে ভাগ করা হবে। সেমিনার, সিম্পোজিয়াম, নাটক, ফিল্ম ফেয়ার, ঢাকা বিশ্ববিদালয়ের ভিডিও ডিসপ্লে, বিতর্ক ছাড়াও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান থাকবে আয়োজকদের পরিকল্পনা মাফিক। ফ্যাকাল্টি অনুযায়ী সেমিনারের আয়োজন করা হবে। বিজ্ঞান অনুষদে বিজ্ঞান বিষয়ক, একুশ শতকের টেকনোলজি বিষয়ক অনুষ্ঠানমালা এবং কলা অনুষদে মানব সম্পদ উন্নয়ন ও শিক্ষার মানোন্নয়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হবে।

উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেছেন, ব্যক্তিতে ব্যক্তিতে সংঘাত কমিয়ে আনতে হবে, আমাদের নিজেদের মধ্যে টলারেন্সি (সহিষ্ণুতা) বাড়াতে হবে, জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের জ্ঞানের পারস্পরিক আদান-প্রদান করতে হবে।